

ভারত-মার্কিন সামুদ্রিক নিরাপত্তা সংলাপের উদ্বোধন

ভারত-মার্কিন সামুদ্রিক নিরাপত্তা সংলাপের উদ্বোধন হল
নয়াদিল্লিতে, ২৬ মে, ২০১৬।

ভারতীয় প্রতিনিধি দলের যৌথভাবে নেতৃত্ব দেন শ্রী
আমানদীপ সিং গিল, যুগ্ম সচিব (ডি অ্যান্ড আইএসএ) এবং
শ্রী মুনু মাহাওয়ার, যুগ্ম সচিব (এএমএস, পররাষ্ট্রমন্ত্রক)
এবং শ্রী শঙ্কু এস কুমারন, যুগ্ম সচিব (পিআইসি,
প্রতিরক্ষামন্ত্রক)। এশিয়া ও প্যাসিফিক নিরাপত্তা বিভাগের
প্রতিরক্ষা বিষয়ক সহকারী সচিব ডেভিড শিয়ার, দক্ষিণ ও
মধ্য এশিয়া বিভাগের রাষ্ট্রীয় উপ সহকারি অধিকর্তা মন্ত্রীত
আনন্দ এবং সপ্তম নৌবহরের কমান্ডার ভাইস অ্যাডমিরাল
জোসেফ পি আউকন মার্কিন প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।

পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়, এ
ব্যাপারে ভারত-মার্কিন যুক্তরাষ্ট্রে মধ্যে সহযোগিতা
জোরদার করার জন্য এশিয়া-প্রশান্ত এবং ভারত মহাসাগরীয়
অঞ্চলে সামুদ্রিক নিরাপত্তা উন্নয়ন সেই বিষয়ে বিভিন্ন
সম্ভাবনাগুলির উপর দৃষ্টিভঙ্গী বিনিময় করা হয়।

উল্লেখ করা যেতে পারে যে, ২০১৬-এর এপ্রিলে মার্কিন
প্রতিরক্ষা সচিবের সফরের সময় তাঁর সঙ্গে প্রতিরক্ষামন্ত্রীর
বৈঠকে এই আলোচনা শুরুর বিষয়ে সহমত তৈরি হয়েছিল।

সংলাপের পরবর্তী পর্ব পারস্পরিক সুবিধাজনক তারিখে
ওয়াশিংটনে অনুষ্ঠিত হবে।

নয়াদিল্লি

মে ১৮, ২০১৬